

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ  
মাদরাসা শিক্ষা অধিদপ্তর, ঢাকা  
রেডক্রিসেন্ট বোরাক টাওয়ারলেভেল-০৩  
৩৭/৩/এ, ইস্কাটন গার্ডেন রোড, রমনা, ঢাকা-১০০০  
[www.dme.gov.bd](http://www.dme.gov.bd)

স্মারক: নং-৫৭.২৫.০০০০.০০২.১৭.০৩৭.১৮- ২৩৩

তারিখ: ১৬.০৭.২০১৮ খ্রি.

বিষয়: খুলনা জেলার কয়রা উপজেলাধীন বে-সীন, মীম, বায়লাহারানিয়া আলিম মাদরাসার সহকারী মৌলভী জনাব মো: রেজাউল ইসলাম এর বকেয়া বেতন-ভাতা সংক্রান্ত আবেদন নিষ্পত্তিকরণ প্রসঙ্গে।

সূত্র: (১) বে-সীন, মীম, বায়লাহারানিয়া আলিম মাদরাসার স্মারক সহকারী মৌলভী মো: রেজাউল ইসলাম এর আবেদন। তারিখ: ১১.১২.২০১৭ খ্রি.


উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, সূত্রে বর্ণিত (১) নং পত্রে খুলনা জেলার কয়রা উপজেলাধীন বে-সীন, মীম, বায়লাহারানিয়া আলিম মাদরাসার সহকারী মৌলভী জনাব মো: রেজাউল ইসলাম গভর্নিং বডি কর্তৃক সাময়িক বরখাস্ত থাকাকালীন জুন/২০১৫ খ্রি. মাস হতে জুন/২০১৬ খ্রি. মাস পর্যন্ত ১,২২,৭০৭.০০ (এক লক্ষ বাইশ হাজার সাতশত সাত টাকা) বকেয়া বেতন-ভাতার সরকারি অংশের টাকা প্রাপ্তির জন্য আবেদন করেছেন।

০২. আবেদনটি পর্যালোচনা করে দেখা যায় যে, ১৩.০৬.২০১৫ খ্রি. তারিখে গভর্নিং বডি কর্তৃক সহকারী মৌলভী জনাব মো: রেজাউল ইসলামকে সাময়িক বরখাস্ত করা হয়েছে। পরবর্তীতে বিজ্ঞ সহকারী জজ আদালত, কয়রা, খুলনা এর আদেশের প্রেক্ষিতে ২০.০৮.২০১৬ খ্রি. তারিখের মিটিংয়ে গভর্নিং বডির সকল সদস্যদের সম্মতিক্রমে সহকারী মৌলভী জনাব মো: রেজাউল ইসলামকে সাময়িক বরখাস্তকরণ আদেশ প্রত্যাহার করে স্ব-পদে বহাল করা হয়।

০৩. বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠান (স্কুল, কলেজ, মাদ্রাসা ও কারিগরি শিক্ষা প্রতিষ্ঠানসমূহ) এর শিক্ষক ও কর্মচারীদের বেতন-ভাতাদির সরকারি অংশ প্রদান এবং জনবল কাঠামো নির্দেশিকা-২০১০ (মার্চ, ২০১৩ পর্যন্ত সংশোধিত) এর ১৮(৬) অনুচ্ছেদে উল্লেখ আছে “প্রতিষ্ঠানের শিক্ষক/কর্মচারী ব্যবস্থাপনা কমিটির মধ্যকার অভ্যন্তরীণ বিরোধের কারণে বা তাদের মধ্যে সৃষ্ট মামলা বা অন্য কোন কারণে বেতন-ভাতাদির সরকারি অংশ উত্তোলন সম্ভব না হলে পরবর্তীতে বকেয়া হিসেবে তা উত্তোলন করা যাবে না। সংশ্লিষ্ট প্রতিষ্ঠান এর আর্থিক দায়-দায়িত্ব বহন করবে।”

০৪. উপরিউক্ত আবেদনটি বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠান (স্কুল, কলেজ, মাদ্রাসা ও কারিগরি শিক্ষা প্রতিষ্ঠানসমূহ) এর শিক্ষক ও কর্মচারীদের বেতন-ভাতাদির সরকারি অংশ প্রদান এবং জনবল কাঠামো নির্দেশিকা-২০১০ (মার্চ, ২০১৩ পর্যন্ত সংশোধিত) এর ১৮(৬) অনুচ্ছেদ এর নির্দেশনার অন্তর্ভুক্ত বিষয় মহোদয়ের আবেদনটি সেমতে নিষ্পত্তিযোগ্য।

০৫. এমতাবস্থায়, বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠান (স্কুল, কলেজ, মাদ্রাসা ও কারিগরি শিক্ষা প্রতিষ্ঠানসমূহ) এর শিক্ষক ও কর্মচারীদের বেতন-ভাতাদির সরকারি অংশ প্রদান এবং জনবল কাঠামো নির্দেশিকা-২০১০ (মার্চ, ২০১৩ পর্যন্ত সংশোধিত) এর ১৮(৬) অনুযায়ী পরবর্তী ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

  
16.07.18

(মো: আবদুল মুকীত)

সহকারী পরিচালক (অর্থ)

মাদরাসা শিক্ষা অধিদপ্তর, ঢাকা

ই-মেইলঃ [adfinance.dme@gmail.com](mailto:adfinance.dme@gmail.com)

অধ্যক্ষ,

বে-সীন, মীম, বায়লাহারানিয়া আলিম মাদরাসা

ডাক: বামিয়া, উপজেলা: কয়রা, জেলা: খুলনা।

অনুলিপি:

- ১। সচিব মহোদয়ের একান্ত সচিব, কারিগরি ও মাদরাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, পরিবহন পুল ভবন (৯ম তলা) সচিবালয় লিংক রোড ঢাকা।
- ২। পরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, খুলনা অঞ্চল।
- ৩। জেলা শিক্ষা অফিসার, খুলনা।
- ৪। উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, কয়রা, খুলনা।
- ৫। সভাপতি, বে-সীন, মীম, বায়লাহারানিয়া আলিম মাদরাসা, ডাক: বামিয়া, উপজেলা: কয়রা, জেলা: খুলনা।।
- ৬। অফিস কপি।